# AKASHVANI(AIR)

# RNU:KOLKATA

## BengaliText Bulletin

**Date 15-01-2026** **Time: 7.35 AM**

বিশেষ বিশেষ খবরঃ-

১) কয়লা পাচারাকান্ডে তৃণমূল কংগ্রেসের পরামর্শ দাতা সংস্থা আইপ্যাক কর্ণধারের বাড়ি ও অফিসে ইডির তল্লাশির ঘটনায় মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বাধাদানের বিষয়ে অভিযোগ তুলে সুপ্রিম কোর্টে ইডির দায়ের করা মামলার আজ শুনানি।

২) ভোটার তালিকা বিশেষ নিবিড় সংশোধনী এসআইআর সংক্রান্ত দাবি ও আপত্তি জানানোর সময়সীমা শেষ হচ্ছে আজ।

ফারাক্কায় এসআইআর শুনানি কেন্দ্রে ভাঙচুরের ঘটনায় এফআইআর দায়ের নির্বাচন কমিশনের।

৩) পশ্চিমবঙ্গে রাজ্যসভার শূন্য হতে চলা পাঁচ আসনে ভোটের প্রস্তুতি শুরু করেছে নির্বাচন কমিশন।

৪) গঙ্গাসাগরে পয়লা মাঘেও পূণ্যার্থীদের ঢল। ভিড় সামলাতে পুণ্যার্থীদের সঙ্গে পুলিশের দুর্ব্যবহারের অভিযোগ।

৫) দক্ষিণ কলকাতার কসবা ল কলেজে আইনের ছাত্রীকে গণ ধর্ষণের অভিযোগে চারজনের বিরুদ্ধে চার্জশিট গঠন কলকাতা পুলিশের।

---------------------------------------------------------------------------------------------------

কয়লা পাচার কাণ্ডে তৃণমূল কংগ্রেসের পরামর্শদাতা সংস্থা আইপ্যাকের সল্টলেকের অফিস ও লাউডন স্ট্রীটের বাড়িতে গত ৮ জানুয়ারি ইডির তল্লাশির ঘটনায়, রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীর বাধাদানের অভিযোগ তুলে সুপ্রিম কোর্টে ইডির দায়ের করা মামলার আজ শুনানি হতে পারে। দুই বিচারপতি প্রশান্ত কুমার মিশ্র ও বিপুল এম পাঞ্চোলি-র বেঞ্চে এই মামলার শুনানি হওয়ার কথা। সুপ্রিম কোর্টে, রাজ্য সরকার, মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জী, পশ্চিমবঙ্গ পুলিশের ডিজিপি রাজীব কুমার, কলকাতা পুলিশ কমিশনার মনোজ কুমার ভার্মা ও দক্ষিণ কলকাতার ডেপুটি কমিশনার প্রিয়ব্রত রায়ের বিরুদ্ধে মামলা দায়ের করেছে।

এদিকে, গতকাল কলকাতা হাইকোর্ট, এই ঘটনায় তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলা খারিজ করে দিয়েছে। তৃণমূল কংগ্রেসের পক্ষ থেকে দাবি করা হয়, ঐ দিন কয়লা দুর্নীতির তদন্তের নামে ইডি, আইপ্যাকের কম্পিউটার থেকে আসন্ন বিধানসভা নির্বাচনের জন্য তৃণমূল কংগ্রেসের গুরুত্বপূর্ণ রাজনৈতিক নথি /ডাটা নিয়ে নিয়েছে। কিন্তু মামলার শুনানিতে নথির প্রশ্নে, কেন্দ্রের অতিরিক্ত সলিসিটর জেনারেল এস ভি রাজু স্পষ্ট জানান, কোনো নথি ইডি বাজেয়াপ্ত করেনি। বরং রাজ্যের মুখ্যমন্ত্রী মমতা ব্যানার্জীই তদন্ত চলাকালীন নথি ও ইলেক্ট্রনিক্স ডিভাইস নিয়ে গেছেন। দু'পক্ষের বক্তব্য শোনার পর বিচারপতি শুভ্রা ঘোষ তৃণমূল কংগ্রেসের এই মামলা খারিজ করে দেন।

অন্যদিকে, তল্লাশীতে মুখ্যমন্ত্রীর বাধাদানের ঘটনায় সিবিআই তদন্তের দাবি জানিয়ে কেন্দ্রীয় তদন্তকারী সংস্থার পক্ষ থেকে হাইকোর্টে যে আবেদন করা হয়েছিল, গতকাল ইডির আর্জি মেনে সেই শুনানির ওপর স্থগিতাদেশ দেন বিচারপতি। ইডির তরফ থেকে আদালতে জানানো হয়, এই দাবিতে দেশের শীর্ষ আদালতেও আবেদন জানানো হয়েছে, সেজন্য সুপ্রিম কোর্টে শুনানি না হওয়া পর্যন্ত এই শুনানি মুলতুবি রাখা হোক। ইডির এই আর্জিতেই গতকাল হাইকোর্ট মান্যতা দেয়।

------------------------

ভোটার তালিকায় বিশেষ নিবিড় সংশোধনী (এসআইআর) সংক্রান্ত দাবি ও আপত্তি জানানোর সময়সীমা শেষ হচ্ছে আজ। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরের তরফে জানানো হয়েছে খসড়া ভোটার তালিকা প্রকাশের পরে সাধারণ ভোটারদের কাছ থেকে ফর্ম ৬ মারফত নাম অন্তর্ভুক্তির জন্য আবেদন পড়েছে ৩ লক্ষ ৭৮ হাজার ১৬৩টি এবং ফর্ম ৭ মারফত নাম বাদ দেওয়ার আপত্তি জমা পড়েছে ৩৮ হাজার ৮৬৫টি। তার আগেও খসড়া তালিকা প্রকাশের আগের পর্বে ৩ লক্ষ ৩১ হাজার ৭৫টি ফর্ম ৬ এবং ৫৬ হাজার ৮৬৭টি ফর্ম ৭জমা পড়ে।

রাজনৈতিক দলগুলির তরফে বুথ স্তরের এজেন্টদের মাধ্যমে মোট ২ লক্ষ ৯ হাজার ৪৩৮টি দাবি-আপত্তি জমা পড়েছে বলে বুলেটিনে উল্লেখ রয়েছে। এর মধ্যে সবচেয়ে বেশি দাবি জমা দিয়েছে তৃণমূল কংগ্রেস ৭৭,৮৬৭ টি এবং বিজেপি ৬১,৪৫১ টি।

নির্বাচন দফতর সূত্রে জানানো হয়েছে, নির্ধারিত সময়সীমা শেষ হওয়ার পর আর নতুন কোনও দাবি বা আপত্তি গ্রহণ করা হবে না। তার পর যাচাই-বাছাই ও শুনানির প্রক্রিয়া শেষ করে চূড়ান্ত ভোটার তালিকা প্রকাশের দিকে এগোবে কমিশন।

এদিকে, বিরোধী বিজেপি রাজ্য প্রশাসনের বিরুদ্ধে SIR প্রক্রিয়া নিয়ে অসহযোগিতার অভিযোগ তুলে দাবি আপত্তি জানানোর সময়সীমা বাড়ানোর দাবি জানিয়েছে। তাপস রায়ের নেতৃত্বে বিজেপির এক প্রতিনিধি দল মুখ্য নির্বাচনী আধিকারিক মনোজ কুমার আগরওয়াল-এর সঙ্গে দেখা করে এই দাবি জানান। শাসক দল তৃণমূল কংগ্রেস পাল্টা দাবি ও আপত্তি জানানোর ফর্ম সাত জমা করার বিধি নিয়ে অস্বচ্ছতার অভিযোগ এনেছে। পার্থ ভৌমিক, শশী পাঁজা সহ তৃণমূল কংগ্রেসের প্রতিনিধি দলের নেতারা আজ মুখ্য নির্বাচনী আধিকারিকদের দপ্তরে যান। তারা অভিযোগ করেন লজিক্যাল ডিস্ক্রিপেন্সির নামে মানুষকে অযথা হয়রান করা হচ্ছে।

------------------------

মালদার ফারাক্কায় তৃণমূল কংগ্রেস বিধায়কের উপস্থিতিতে বিডিও অফিসে এস আই আরের শুনানি ক্যাম্পে ভাঙচুরের ঘটনায় নির্বাচন কমিশন অভিযুক্তদের বিরুদ্ধে এফআইআর দায়ের করেছে। রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর সূত্রে জানা গেছে, ইতিমধ্যেই সংশ্লিষ্ট এলাকার ব্লক উন্নয়ন আধিকারিক(BDO) অজ্ঞাত পরিচয় দুষ্কৃতীদের বিরুদ্ধে থানায় এফআইআর দায়ের করেছেন। ওই এফআইআরের কপি ডিইও-র কাছে তলব করেছে মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতর। উল্লেখ্য, এসআইআর প্রক্রিয়ার নামে সাধারণ মানুষ ও বিএলওদের হেনস্থার অভিযোগকে কেন্দ্র করে গতকাল ফরাক্কা বিডিও অফিস চত্বর উত্তপ্ত হয়ে ওঠে। স্লোগান দিতে দিতে মূল দরজা দিয়ে ঢুকে দুষ্কৃতীরা পৌঁছে যান বিডিও, ERO-র ঘরে। ধাক্কা মেরে খোলা হয় শুনানি কেন্দ্রের দরজা। চলে ব্যাপক ভাঙচুর। অভিযোগ, স্থানীয় তৃণমূল বিধায়ক মনিরুল ইসলামের উপস্থিতিতেই ভাঙচুর চলে।

------------------------

SIR প্রক্রিয়ায় মানুষকে চরম হয়রানির মুখে পড়তে হচ্ছে বলে মন্তব্য করেন সিপিআইএমের রাজ্য সম্পাদক মহম্মদ সেলিম। কলকাতায় গতকাল এক সাংবাদিক বৈঠকে তিনি বলেন, এই হয়রানি ও ভিন রাজ্যে পরিযায়ী শ্রমিকদের উপর বর্বরোচিত আচরণের প্রতিবাদে রাজ্যজুড়ে আগামী ১৭ ই জানুয়ারি বাম দলগুলি পথে নামবে। অহেতুক হয়রানি এড়াতে বিষয়টি নিয়ে সিপিআইএম রাজ্য কমিটির পক্ষ থেকে, রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি পাঠিয়েছেন বলেও জানান তিনি।

------------------------

নির্বাচন কমিশন বিধানসভা নির্বাচনের আগেই পশ্চিমবঙ্গে রাজ্যসভার শূন্য হতে চলা পাঁচ আসনে নির্বাচনের প্রস্তুতি শুরু করেছে। আগামী দোসরা এপ্রিল রাজ্যের পাঁচ জন রাজ্যসভার সাংসদ তৃণমূল কংগ্রেসের সুব্রত বক্সী, ঋতব্রত বন্দ্যোপাধ্যায়, মৌসম

বেনজির নূর, সাকেত গোখলে এবং সিপিআইএমের বিকাশ রঞ্জন ভট্টাচার্যের মেয়াদ শেষ হচ্ছে।

সংবিধান অনুযায়ী, কোনও রাজ্যসভার সাংসদের মেয়াদ শেষ হওয়ার আগে সংশ্লিষ্ট রাজ্যে নির্বাচন সম্পন্ন করা বাধ্যতামূলক। সেই নিয়ম মেনেই পশ্চিমবঙ্গে এই পাঁচটি আসনে নির্বাচন করাতে হবে। কমিশন সূত্রে জানা গেছে, দোসরা এপ্রিলের আগে নির্বাচন করতে হলে মেয়াদ শেষের অন্তত ১৫ দিন আগে ভোটপ্রক্রিয়া সম্পন্ন করা বাধ্যতামূলক। সেই হিসেবে মার্চের মাঝামাঝি নাগাদ ভোট করাতে হবে। ফলে বিজ্ঞপ্তি জারি করতে হবে ফেব্রুয়ারির শেষ সপ্তাহের মধ্যেই। অর্থাৎ এসআইআর প্রক্রিয়ার চাপের মধ্যেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে নতুন করে যুক্ত হচ্ছে রাজ্যসভার নির্বাচন পরিচালনার দায়িত্ব।

শুধু পশ্চিমবঙ্গ নয়—একই সময়ে মহারাষ্ট্র, ওড়িশা, তামিলনাড়ু, তেলেঙ্গানা, অসম, বিহার, ছত্তীসগঢ়, হরিয়ানা এবং হিমাচল প্রদেশেও রাজ্যসভার নির্বাচন হবে। তবে প্রতিটি রাজ্যে পৃথক তারিখে নির্বাচন সম্পন্ন করার নির্দেশ কমিশনের তরফে ইতিমধ্যেই রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দফতরে পাঠানো হয়েছে বলে জানা যাচ্ছে।

------------------------

প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি, রবিবার ২৫শে জানুয়ারি আকাশবাণীতে "মন কি বাত" অনুষ্ঠানের মধ্যে দিয়ে দেশ বিদেশের মানুষের সঙ্গে তাঁর চিন্তা ভাবনা ভাগ করে নেবেন। এটি হবে মাসিক এই বেতার অনুষ্ঠানের ১৩০ তম পর্ব।

আকাশবাণী ও দূরদর্শনের সব কটি চ্যানেলে সকাল ১১ টা থেকে এই অনুষ্ঠান শোনা যাবে। আকাশবাণীর সংবাদ ওয়েবসাইট newsonair মোবাইল app, আকাশবাণী ও দূরদর্শনের সংবাদ বিভাগ, প্রধান মন্ত্রীর e-দপ্তর ও তথ্য ও সম্প্রচার মন্ত্রকের youtube channel- এও অনুষ্ঠানটি শোনা যাবে। হিন্দিতে মূল অনুষ্ঠানটির পর সম্প্রচারিত হবে এর আঞ্চলিক ভাষার তর্জমা।

মন কি বাত এর জন্যে এ বারেও সাধারণ মানুষের পরামর্শ ,বক্তব্য ও মতামত জানতে চেয়েছেন প্রধানমন্ত্রী নরেন্দ্র মোদি। MyGov Open Forum কিংবা Narendra Modi App-এ লিখিত বার্তা পাঠানো যাবে। টোল ফ্রি নম্বর - 1800-11-7800 মারফতও বার্তা পাঠানো যাবে।আসন্ন পর্বের জন্য চলতি মাসের ২৩ তারিখ পর্যন্ত পরামর্শ গ্রহণ করা হবে।

------------------------

আজকের প্রসঙ্গ অনুষ্ঠানে আজ শুনবেন বিশেষ আলোচনা 'আন্তর্জাতিক প্রেক্ষাপটে ভারতের প্রধানমন্ত্রী'। বিশিষ্ট আইনজীবী দেবজিৎ সরকারের সঙ্গে কথা বলেছেন দিব্য দে।

আকাশবাণীর সংবাদ বিভাগ প্রযোজিত অনুষ্ঠানটি শুনবেন আজ রাত আটটায় গীতাঞ্জলি, DTH বাংলা এবং আকাশবাণী সংবাদ কলকাতা সোশ্যাল মিডিয়া প্লাটফর্মে।

------------------------

গঙ্গাসাগরে পয়লা মাঘেও পুণ্যার্থীদের ঢল। আজ বেলা ১টা ১৯ মিনিট পর্যন্ত পুণ্যযোগ। ড্রপ- গেটে পুণ্যার্থীদের ভিড় সামলাতে দুর্ব্যবহার পুলিশের।

একটি প্রতিবেদন

------------------------

দক্ষিণ কলকাতার কসবা ল কলেজে আইনের ছাত্রীকে গণ ধর্ষণের অভিযোগে চারজনের বিরুদ্ধে চার্জ গঠন করা হয়েছে। প্রাক্তন তৃণমূল কংগ্রেস ছাত্র নেতা মনোজিত মিশ্র ও তার দুই সঙ্গী সহ চারজনের বিরুদ্ধে গণধর্ষণ ছাড়াও জোর করে আটকে রাখা ও অপহরণের ধারায় চার্জ গঠন করলো কলকাতা পুলিশ। আলিপুর অতিরিক্ত জেলা ও দায়রা আদালতে এই চার্জ গঠন করা হয়েছে। বিশেষ সরকারি আইনজীবী বিভাস

চট্টোপাধ্যায় অভিযুক্তদের বিরুদ্ধে ১১ দফার অভিযোগ দায়ের করেন। আগামী ২৭ শে জানুয়ারি শুরু হবে বিচার প্রক্রিয়া। ঐদিনই প্রথম সাক্ষ্যগ্রহণ প্রক্রিয়াও শুরু হবে।

উল্লেখ্য, গতবছর ২৫ শে জুন কসবা ল কলেজের মধ্যেই ঐ অভিযুক্তদরে বিরুদ্ধে গণধর্ষণের অভিযোগ তোলেন এক ছাত্রী।

------------------------

ইডি আধিকারিকদের বাধা দেওয়ার প্রতিবাদে নবান্নের সামনে ধর্নার অনুমতি চেয়ে বিরোধী দলনেতা শুভেন্দু অধিকারীর আবেদন খারিজ করেছে কলকাতা হাইকোর্ট। এই সংক্রান্ত লিখিত নির্দেশ আজ দেওয়া হবে বলে বিচারপতি শুভ্রা ঘোষ জানিয়েছেন। নবান্ন বাস স্ট্যান্ড অথবা মন্দিরতলা বাস স্ট্যান্ডের মধ্যে যেকোনো একটি জায়গা তিনি বেছে নিতে বলেছেন।

উল্লেখ্য, বিরোধী দলনেতা তার আবেদনে আগামীকাল ১৫/১৬ জন বিধায়ককে নিয়ে নবান্নের সামনে ধর্ণা কর্মসূচীর অনুমতি চেয়েছিলেন।

------------------------

Indian Banks' Association-IBA-এর সঙ্গে দ্বিপাক্ষিক বৈঠকে কোনো সমাধান সূত্র না মেলায় ব্যাংক কর্মীদের ৯ টি সংগঠন যৌথ মঞ্চ United Forum of Bank Unions-UFBU আগামী ২৭ জানুয়ারি প্রস্তাবিত দেশব্যাপী ব্যাংক ধর্মঘটের সিদ্ধান্তে অনড় রয়েছে। ব্যাঙ্কিং শিল্পে সপ্তাহে ৫ দিন কাজের দিন চালু করা এবং শনি ও রবিবার ব্যাংকের পূর্ণ দিবস বন্ধ রাখার দাবি এই ধর্মঘটের প্রেক্ষিতে গতকাল মুম্বাইতে দ্বিপাক্ষিক বৈঠক বসে। এর পরে IBA-র তরফে ধর্মঘট প্রত্যাহারের কথা দেওয়া হলেও UFBU তা খারিজ করে ধর্মঘটের সিদ্ধান্তে অনড় থাকে। ওই বৈঠকে ব্যাঙ্ক কর্মীদের ৯

টি সংগঠনের প্রতিনিধিরা ছাড়াও IBA-এর মুখ্য কার্যনির্বাহী অধিকর্তা A K গোয়েল সহ IBA-এর অন্যান্য শীর্ষ আধিকারিকরা উপস্থিত ছিলেন।

------------------------

মাঘের শুরুতে রাজ্যজুড়ে শীতের আমেজ থাকলেও তাপমাত্রার পারদ প্রায় স্বাভাবিকের কাছে। আলিপুরে সর্বনিম্ন তাপমাত্রা আজ রেকর্ড করা হয় ১৩.২° সেলসিয়াস, স্বাভাবিকের থেকে সামান্য কম। আগামী ২-৩ দিনে তাপমাত্রা বিশেষ হেরফের হওয়ার সম্ভাবনা নেই। আগামী রবিবার থেকে ন্যূনতম তাপমাত্রা আরো এক থেকে দুই ডিগ্রি বাড়ার সম্ভাবনা রয়েছে বলে আলিপুর আবহাওয়া দপ্তরের পূর্বাভাস। সকালের দিকে বিক্ষিপ্তভাবে উত্তরবঙ্গে জেলাগুলিতে হালকা কুয়াশা থাকার সম্ভাবনা রয়েছে।

------------------------ ------------------------